**বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ**
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।
www.bb.org.bd

২৩ ফাল্গুন ১৪২৭

এফই সার্কুলার পত্র নং-০৩ তারিখ ঃ--------------------
০৮ মার্চ ২০২১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক।

প্রিয় মহোদয়গণ,

**এফই সার্কুলার নং-৩১, তারিখঃ ০৬/০৮/২০১৯ এর নির্দেশনা মোতাবেক রেমিটেন্স সংক্রান্ত RITs দাখিল প্রসঙ্গে।**

শিরোনামোক্ত বিষয়ের প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, বৈধ উপায়ে প্রেরিত ওয়েজ আর্নারস রেমিটেন্সের বিপরীতে ০২(দুই) শতাংশ প্রণোদনা/নগদ সহায়তা প্রদান বিষয়ে জারিকৃত এফই সার্কুলার নং-৩১, তারিখঃ ০৬/০৮/২০১৯ অনুযায়ী প্রণোদনা/নগদ সহায়তা বাবদ পরিশোধিত অর্থের বিবরণী মাসিক ভিত্তিতে ফরম-'খ' অনুযায়ী দাখিল করার নির্দেশনা রয়েছে। প্রবাসীদের তথ্য ডাটাবেইস আকারে সংরক্ষণ এবং ব্যাংকগুলোর জন্য ফরম-'খ' এর নির্ধারিত তথ্য দ্রুততার সাথে প্রেরণের প্রয়োজনে একটি অনলাইন ফরম্যাট RITs (T_ME_M_REMIT_INCEN) প্রস্তুত করা হয়েছে।

০২। ০২(দুই) শতাংশ প্রণোদনা/নগদ সহায়তা প্রদান বাবদ পরিশোধিত অর্থের তথ্যসহ রেমিটেন্স সংক্রান্ত তথ্যের বিবরণী মাসিক ভিত্তিতে নিম্নোক্ত শর্তাবলী পরিপালন সাপেক্ষে বৈদেশিক মুদ্রা নীতি বিভাগে প্রেরণ করতে হবেঃ

(ক) RITs (T_ME_M_REMIT_INCEN) অনুযায়ী মাসিক ভিত্তিতে পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে (বাংলাদেশ ব্যাংকের ওয়েব পোর্টালের মাধ্যমে) দাখিল করতে হবে;

(খ) RITs (T_ME_M_REMIT_INCEN) এর যেসকল কলামে তথ্য প্রদানের জন্য ব্যাংকসমূহ এ মুহূর্তে সক্ষম নয় সে বিষয়ে তথ্য প্রদানের নিমিত্ত অতিদ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে; এবং

(গ) ১লা জুলাই'২০১৯ হতে ২৮শে ফেব্রুয়ারী'২০২১ পর্যন্ত সময়ের তথ্যাদি RITs (T_ME_M_REMIT_INCEN) অনুযায়ী ১লা এপ্রিল'২০২১ এর মধ্যে দাখিল করতে হবে।

ফাইলঃ (T_ME_M_REMIT_INCEN)
লিংকঃ https://ereturns.bb.org.bd/

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আলী আকবর ফরাজী)
মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০১২৩